Department of Education
Carmen Fariña, Chancellor

২০১৪-২০১৫ স্কুল বছরের ক্যালেন্ডার

স্কুলবছর ক্যালেডার অনুসারে সব শিক্ষার্থীর জন্য বৃহস্পতিবার ৪ সেপ্টেম্বর ২০১৪ স্কুল শুরু হবে এবং এতে একটি মধ্য শীতের ছুটি থাকবে (সোমবার ১৬ ফেব্রুয়ারি থেকে শুক্রবার ২০ ফেব্রুয়ারি ২০১৪)। এতে প্রতিফলিত হয় যে মঙ্গলবার ১৪ নভেম্বর ২০১৪ এবং বৃহস্পতিবার ৪ জুন ২০১৫ কোন ক্লাস থাকবে না, কিন্তু পাঁচ বরোর স্কুলগুলোয় উচ্চ শিক্ষণ মান এবং মূল্যায়ন সম্পর্কিত স্টাফ ডেভেলপমেন্টের জন্য চ্যান্সেলরের কনফারেন্স হিশেবে বিবেচিত হবে। যদি না সম্মিলিত দরকষাকষি চুক্তির বা অন্য কোন কারণে কোন পরিবর্তনের বিজ্ঞপ্তি আসে, কোন ব্যতিক্রম ছাড়া অবশ্যই এই ক্যালেন্ডার মেনে চলতে হবে, যদি এই অন্য কারণ সম্মিলিত দরকষাকষি বা আইনি বাধ্যবাধকতার পরিপন্থী না হয়।

2014			
অগাস্ট	25	সোমবার	এই কর্মকর্তারা আসবেন: অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল এবং স্কুলভিত্তিক মধ্যপর্যায়ের সুপারভাইজর যারা বর্ধিত কর্মবছরে কাজ করার জন্য দায়িত্বপ্রাপ্ত নন।
সেপ্টেম্বর	1	সোমবার	মেমোরিয়াল ডে **(স্কুল বন্ধ)**
সেপ্টেম্বর	2	মঙ্গলবার	ক্লাসরুম টিচার, স্কুল এবং কম্যুনিটি রিলেশন্স-এর বাইলিঙ্গুয়াল টিচার, গাইডেন্স কাউন্সেলর, অ্যাটেনড্যান্স টিচার, নার্স, থেরাপিস্ট, ল্যাবরেটরি স্পেশালিস্ট এবং টেকনিশিয়ান, এডুকেশনাল প্যারাপ্রফেশনাল কাজে আসেন। স্কুল সেক্রেটারি, সাইকোলজিস্ট এবং সোশ্যাল ওয়ার্কাররা নিয়মিত কাজের দিনের জন্য রিপোর্ট করেন। যেসব পদের উল্লেখ নেই এসব কর্মচারী তাদের যথাযথ সম্মিলিত দরকষাকষি চুক্তির আলোকে সিদ্ধান্ত নেবেন। ইউএফটি প্রতিনিধিত্ব করে এমন সব কর্মচারী যারা, ২২ জুন ২০০৯ সম্পাদিত চুক্তি মোতাবেক, লেবার ডে পরবর্তী মঙ্গলবার স্কুলে রিপোর্ট করেন, ওই মঙ্গলবারটি ব্যবহার করতে হবে ক্লাসরুম এবং শিক্ষার্থীদের আগমনের প্রস্তুতিগ্রহণের জন্য। যদি সময় থাকে, দিনের বাকি সময় পেশাগত উন্নয়নের জন্য ব্যবহার করা যেতে পারে। **শিক্ষার্থীরা স্কুলে উপস্থিত হবে না।**
সেপ্টেম্বর	3	বুধবার	**স্টাফ ডেভেলপমেন্টের জন্য চ্যান্সেলরের কনফারেন্স ডে** **শিক্ষার্থীরা স্কুলে উপস্থিত হবে না।**
সেপ্টেম্বর	4	বৃহস্পতিবার	**সব শিক্ষার্থীর জন্য স্কুল শুরু** শুধু ডিস্ট্রিক্ট ৭৫ নয় শুধু এমন কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের জন্য আগে ছুটি প্রি-কিনডারগোর্টেন পাবলিক স্কুল শিক্ষার্থীদের আংশিক স্কুল।
সেপ্টেম্বর	5	শুক্রবার	শুধু ডিস্ট্রিক্ট ৭৫ নয় শুধু এমন কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের জন্য আগে ছুটি প্রি-কিন্ডারগোর্টেন পাবলিক স্কুল শিক্ষার্থীদের আংশিক স্কুল।
সেপ্টেম্বর	8	সোমবার	**ডিস্ট্রিক্ট ৭৫ নয় এমন কিনডারগার্টেন শিক্ষার্থীদের এবং প্রি-কিন্ডারগোর্টেন পাবলিক স্কুল শিক্ষার্থীদের প্রথম পূর্ণ দিবস স্কুল।**
সেপ্টেম্বর	25 26	বৃহস্পতিবার ও শুক্রবার	রশ হাশানাহ **(স্কুল বন্ধ)**
অক্টোবর	13	সোমবার	কলম্বাস ডে **(স্কুল বন্ধ)**
অক্টোবর	23	বৃহস্পতিবার	প্রি-কিন্ডারগার্টেন এদিন বন্ধ থাকবে
নভেম্বর	4	মঙ্গলবার	ইলেকশন ডে উচ্চ শিক্ষণ মান বাস্তবায়ন এবং মূল্যায়ন সংক্রান্ত কর্মচারী উন্নয়নের জন্য **চ্যান্সেলরের কনফারেন্স ডে। শিক্ষার্থীরা স্কুলে উপস্থিত হবে না।**
নভেম্বর	11	মঙ্গলবার	ভেটেরান্স ডে **(স্কুল বন্ধ)**
নভেম্বর	20	বৃহস্পতিবার	প্রি-কিন্ডারগার্টেন এদিন বন্ধ থাকবে
নভেম্বর নভেম্বর	27 28	বৃহস্পতিবার ও শুক্রবার	থ্যাংক্সগিভিংয়ের ছুটি **(স্কুল বন্ধ)**
ডিসেম্বর জানুয়ারি	24- 2	বুধবার থেকে পরবর্তী শুক্রবার	শীতের ছুটি (ক্রিসমাস এবং নববর্ষের দিনসহ) **(স্কুল ছুটি)** **শিক্ষার্থীরা স্কুলে ফিরবে সোমবার ৫ জানুয়ারি ২০১৫।**

2015			
জানুয়ারি	19	সোমবার	ড. মার্টিন লুথার কিং জুনিয়র ডে **(স্কুল বন্ধ)**
জানুয়ারি	29	বৃহস্পতিবার	প্রি-কিন্ডারগার্টেন এদিন বন্ধ থাকবে
জানুয়ারি	30	শুক্রবার	**হাই স্কুল** শিক্ষার্থীদের ফল টার্ম-এর সমাপ্তি। ডি৭৫ ব্যতীত **হাই স্কুলের শিক্ষার্থীদের স্কুলে আসতে হবে না।** সকল হাই স্কুলে স্কোরিং (নম্বর প্রদান) ডে। অন্যসব শিক্ষার্থী স্কুলে আসবে। (৩০ জানুয়ারি হাই স্কুল শিক্ষার্থীদের উপস্থিতি সংক্রান্ত বিশদ তথ্যের জন্য নিচে সেকশন ৭ দেখুন।)
ফেব্রুয়ারি	2	সোমবার	ডি৭৫ ব্যতীত **হাই স্কুলের শিক্ষার্থীদের স্কুলে আসতে হবে না।** ডি৭৫ ব্যতীত সকল হাই স্কুলের কর্মচারী উন্নয়নের জন্য **চ্যান্সেলরের কনফারেন্স ডে।** ডি৭৫ ব্যতীত **হাই স্কুল শিক্ষার্থীদের স্কুলে আসতে হবে না।** অন্যসব শিক্ষার্থী স্কুলে আসবে। (২ জানুয়ারি হাই স্কুল শিক্ষার্থীদের উপস্থিতি সংক্রান্ত বিশদ তথ্যের জন্য নিচে সেকশন ৭ দেখুন।)
ফেব্রুয়ারি	3	মঙ্গলবার	**হাই স্কুল** শিক্ষার্থীদেরফল স্প্রিং টার্ম-এর শুরু।
ফেব্রুয়ারি	16-20	সোমবার থেকে শুক্রবার	মধ্য শীতের ছুটি (ওয়াশিংটন ও লিংকনের জন্মদিন উদযাপনসহ) **(স্কুল বন্ধ)**
এপ্রিল	3-10	শুক্রবার থেকে পরবর্তী শুক্রবার পর্যন্ত	স্প্রিং (বসন্তের) ছুটি (গুড ফ্রাইডে, ইস্টার ও পাস ওভারসহ) **(স্কুল বন্ধ)** **শিক্ষার্থীরা স্কুলে ফিরবে সোমবার, ১৩ এপ্রিল।**
এপ্রিল	23	বৃহস্পতিবার	প্রি-কিন্ডারগার্টেন এদিন বন্ধ থাকবে
মে	25	সোমবার	মেমোরিয়াল ডে উদযাপন **(স্কুল বন্ধ)**
জুন	4	বৃহস্পতিবার	উচ্চ শিক্ষণ মান বাস্তবায়ন এবং মূল্যায়ন সংক্রান্ত কর্মচারী উন্নয়নের জন্য **চ্যান্সেলরের কনফারেন্স ডে।** স্কুল কর্মচারীগণ তাদের যৌথ দরকষাকষি চুক্তি অনুযায়ী আবশ্যিক হলে কাজে যোগদান করবেন। **পাঁচ বরোর শিক্ষার্থীরা স্কুলে যাবে না।**
জুন	25	Thursday	ডিস্ট্রিক্ট ৭৫ নয় এমন হাই স্কুলগুলোয় ২ জুন এবং ১৬ জুন থেকে ২৪ জুন রিজেন্টস পরীক্ষা, শিক্ষার্থীরা রিজেন্টস্ মূল্যায়নের দিন (রেটিং ডে) বৃহস্পতিবার, ২৫ জুন, স্কুলে আসবে না।
জুন	26	শুক্রবার	**সব শিক্ষার্থীর জন্য স্কুলের শেষ দিন।.** শুক্রবার, ২৬ জুন, নিচে সেকশন ১৩-তে বর্ণিত প্রক্রিয়া অনুসারে শিক্ষার্থীদের আগে ছুটির ব্যবস্থা করতে হবে। ক্লাসরুম টিচার, স্কুল এবং কম্যুনিটি রিলেশন্সের বাইলিঙ্গুয়াল টিচার, অ্যাটেনড্যান্স টিচার, নার্স, থেরাপিস্ট, ল্যাবরেটরি স্পেশালিস্ট ও টেকনিশিয়ান এবং প্যারাপ্রফেশনালদের জন্য শেষ দিন।
জুন জুন	29 30	সোমবার ও মঙ্গলবার	ক্লাসরুম টিচার, স্কুল এবং কম্যুনিটি রিলেশন্সের বাইলিঙ্গুয়াল টিচার, অ্যাটেনড্যান্স টিচার, নার্স, থেরাপিস্ট, ল্যাবরেটরি স্পেশালিস্ট ও টেকনিশিয়ান এবং প্যারাপ্রফেশনালগণ **ব্যতীত** অন্য সকল কর্মচারীগন উপস্থিত থাকবেন।

স্কুলবছর ক্যালেন্ডার নিম্নলিখিত সমঝোতাগুলো অন্তর্ভুক্ত করে:

1. চ্যান্সেলরের কনফারেন্স ডে দুটি উচ্চ শিক্ষ মান এবং মূল্যায়ন সংশ্লিষ্ট কর্মচারী উন্নয়নের জন্য ব্যবহৃত হবে (৪ নভেম্বর এবং ৪ জুন এলেমেন্টারি, মিডল স্কুল এবং হাই স্কুলে);

2. এই ক্যালেন্ডারে পরবর্তী পরিবর্তনগুলো যা সম্মিলিত দরকষাকষি চুক্তি বা অন্য কারণে করা হতে পারে সেগুলো নেই, তবে কোনক্রমেই এই ক্যালেন্ডার বা পরবর্তী পরিবর্তন স্টেটের অনুদান হারানর কারণ হতে পারবে না;

3. সকল সংক্ষিপ্ত অধিবেশনের অনুরোধ যা শিক্ষার্থীদের আগে ছুটি দেয়, সেটি এবং এই ক্যালেন্ডারে অন্য যেকোন পরিবর্তন, অবশ্যই পর্যালোচনা এবং অনুমোদনের জন্য পেশ করতে হবে। অনুমোদন লাভের পর পিতামাতাদের ৪ সপ্তাহের আগাম নোটিস দিতে হবে;

4. চ্যান্সেলর আইন দ্বারা তার ওপর অর্পিত ক্ষমতা ব্যবহার করবেন যখন, সিটিব্যাপী স্কুলবছর ক্যালেন্ডার বরখেলাপ করে, কোন স্কুল পূর্ববর্তী অনুমোন ব্যতীত ছুটি অথবা অধিবেশন সংক্ষিপ্ত করে (নিচের সেকশন ৯-এ উল্লিখিত)।

নিচের কথাগুলোও মনে রাখতে হবে:

5. স্কুলবছর ক্যালেনডার ২০১৪-২০১৫ স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের সিটি স্কুল ডিস্ট্রিক্টের সকল স্কুলে স্টেটের অনুদানলাভের জন্য ১৮০ দিনের কর্মদিবসের বাধ্যবাধকতা পূরণ করে।

6. ইলেকশন ডে, মঙ্গলবার ৪ নভেম্বর ২০১৪ এবং বৃহস্পতিবার ৪ জুন ২০১৫ উচ্চ শিক্ষণ মান এবং মূল্যায়ন সংশ্লিষ্ট কর্মচারী উন্নয়নের জন্য চ্যান্সেলরের কনফারেন্স ডে সব স্কুল খোলা থাকবে। উভয় দিনই পাঁচ বরোর শিক্ষার্থীরা স্কুলে আসবে না।

7. শুক্রবার ৩০ জানুয়ারি ২০১৫ সব হাই স্কুল স্কোরিং (নম্বরদান) ডে হিসেবে এবং সোমবার, ২ ফেব্রুয়ারি, ২০১৫ পেশাদারিত্ব উন্নয়নের জন্য সূচিভুক্ত হবে। উভয় তারিখেই কোন হাই স্কুল শিক্ষার্থী উপস্থিত হবে না, ব্যতিক্রম ডিস্ট্রিক্ট ৭৫ এর হাই স্কুল স্তরের শিক্ষার্থী (এসব শিক্ষার্থী উক্ত দিনগুলোতে স্কুলে আসবে)। মঙ্গলবার ৩ ফেব্রুয়ারি, পূর্ণ দিবস নির্দেশনার মধ্য দিয়ে স্প্রিং (বসন্ত) টার্ম শুরু হবে।

8. বুধবার ১২ ফেব্রুয়ারি ২০১৫ সব স্কুল খোলা থাকবে (আব্রাহাম লিংকনের জন্মদিন) এবং শিক্ষার্থীরা উপস্থিত হবে।

9. প্রফেশনাল/চ্যান্সেলর কনফারেন্স ডে, বিভিন্ন কারণে সংক্ষিপ্ত দিবস, এবং রিজেন্টস ডে-র কারণে মোট নির্দেশনা দিনের সংখ্যা (যেসব দিনে শিক্ষার্থীরা স্কুলে আসে) স্টেটের অনুদানযোগ্য দিনের তুলনায় ভিন্ন হতে পারে। সংক্ষিপ্ত অধিবেশন হচ্ছে যেকোন দিন যখন স্কুল প্রি-কিনডারটেনের জন্য ২.৫ ঘন্টার কম, কিনডারগার্টেন থেকে ৬ গ্রেড অবধি লাঞ্চ এবং নির্ধারিত শিক্ষার্থীদের জন্য ৩৭.৫ মিনিটের বাড়তি সেসন বাদ দিয়ে ৫ ঘন্টার কম অথবা গ্রেড ৭ থেকে ওপরের ক্লাসে লাঞ্চ ও নির্ধারিত শিক্ষার্থীদের জন্য ৩৭.৫ মিনিটের বাড়তি সেসন বাদ দিয়ে ৫.৫ ঘন্টার কম নির্দেশনায় ব্যয় করে।

10. অনুদানযোগ্য দিনের হিশেবে চ্যান্সেলর কনফারেন্স/রিজেন্টস পরীক্ষার দিনগুলো ধরা হয়। কমিশনারের রেগুলেশনের আওতায় চ্যান্সেলরের কনফারেন্স ডে-র মধ্যে পড়তে পারে সাধারণ কর্মচারী ওরিয়েন্টেশন, পাঠক্রম প্রণয়ন, ইন-সার্ভিস শিক্ষা, অথবা প্যারেন্ট-টিচার কনফারেন্স। এতে প্রাত্যহিক প্রশাসনিক বিষয় যেমন গ্রেডিং পরীক্ষা বা শিক্ষার্থীকে অ্যাসাইনমেন্ট দেয়া, রেকর্ডকিপিং বা লেসন প্ল্যানিং অন্তর্ভুক্ত করা যাবে না।

11. অংশত, স্কুল ক্যালেনডার উল্লিখিত সিটিব্যাপী কেন্দ্রীয়ভাবে সূচিভুক্ত সংক্ষিপ্ত সেসনগুলো অন্তর্ভুক্ত করে: দুটি প্যারেন্ট-টিচার কনফারেন্স সংক্ষিপ্ত সেসন (শরত টার্মে একটি এবং বসন্ত টার্মে একটি) এবং অন্যান্য সিটিব্যাপী সংক্ষিপ্ত সেসন। আসন্ন সিটিব্যাপী কেন্দ্রীয়ভাবে সূচিভুক্ত সংক্ষিপ্ত সেসনগুলোর নোটিস আলাদাভাবে দেয়া হবে। স্কুলের শেষ দিন আগে ছুটি হবে, নিচের সেকশন ১৩-এর নির্দেশনার আলোকে।

12. ডিস্ট্রিক্ট ৭৫ নয় এমন হাই স্কুলগুলোয় ২ জুন এবং ১৬ জুন থেকে ২৪ জুন রিজেন্টস পরীক্ষা, শিক্ষার্থীরা রিজেন্টস্ মূল্যায়নের দিন (রেটিং ডে) বৃহস্পতিবার, ২৫ জুন, স্কুলে আসবে না।

13. স্কুলের শেষ দিনে (শুক্রবার ২৬ জুন ২০১৫) শিক্ষার্থীদের আগে ছুটির ক্ষেত্রে, পিরিয়ড অ্যাটেনড্যান্স রিপোর্টের প্রয়োজনে দিনটিকে নিয়মিত নির্দেশনা দিন হিশেবে দেখাতে হবে, এবং স্কুলকে অবশ্যই উল্লিখিত নির্দেশনা মেনে চলতে হবে: শিক্ষার্থীদের স্কুলে উপস্থিত হতে হয়, গড় প্রাত্যহিক উপস্থিতির অংশ হিশেবে শিক্ষার্থী উপস্থিতি গ্রহণ করতে, রেকর্ড করতে এবং রিপোর্ট করতে হবে, শিক্ষার্থীদের নির্দেশনা এবং/অথবা গাইডেন্স এবং প্রয়োজনানুসারে সহায়তা পেতে হবে। আগাম ছুটির ক্ষেত্রে নির্দিষ্ট সময় সম্পর্কে স্কুলগুলোকে পিতামাতা ও অফিস অভ পিউপল ট্রান্সপোর্টেশনকে কমপক্ষে ৪ সপ্তাহ আগে জানাতে হবে।

14. স্টেটের অনুদান হ্রাসের ঝুঁকি এড়ান এবং শিক্ষার্থীদের জন্য বাস সূচিজনিত সমস্যা সীমিত করার জন্য পূর্বানুমোদন ছাড়া স্কুল বন্ধ হবে না বা সংক্ষিপ্ত অধিবেশনের (উপরের সেকশন ৯ সংজ্ঞায়িত হয়েছে) সূচি করা হবে না। সংক্ষিপ্ত অধিবেশনের জন্য অনুরোধের আগে, ঠিক সময়ে, উল্লিখিত বিষয়গুলো বিবেচনা করত হবে: যে সপ্তাহগুলোতে কিনডারগার্টেন থেকে ৬ গ্রেড অবধি একটি সংক্ষিপ্ত অধিবেশনের জন্য অনুরোধ করা হয়, সেখানে স্কুলকে এরপরও ২৫ ঘন্টার নির্দেশনা দিতে হবে, লাঞ্চ এবং নির্ধারিত শিক্ষার্থীদের ৩৭.৫ মিনিটের বাড়তি সেসন ব্যতীত। যখন ৪ দিনের সপ্তাহে (যেমন যখন সপ্তাহে হলিডে থাক) স্কুলকে এরপরও ওই সপ্তাহে কমপক্ষে ২০ ঘন্টা নির্দেশনা দিতে হবে, লাঞ্চ এবং নির্ধারিত শিক্ষার্থীদের ৩৭.৫ মিনিটের বাড়তি সেসন ব্যতীত। ব্যতিক্রমের আরও ব্যাখ্যা ও তথ্য অনুরোধসাপেক্ষে দেয়া হবে।

15. কোন সপ্তাহে যখন, লাঞ্চ এবং নির্ধারিত শিক্ষার্থীদের ৩৭.৫ মিনিটের বাড়তি সেসন ব্যতীত, কিনডারগার্টেন থেকে ৬ গ্রেড অবধি ২৫ ঘন্টার, অথবা ৪ দিনের সপ্তাহে ২০ ঘন্টার নির্দেশনা অধিবেশন সূচি হয় এবং একটি অনুমোদিত সংক্ষিপ্ত অধিবেশনের সূচি থাকে, তখন স্কুল পিরিয়ড অ্যাটেনড্যান্সের প্রয়োজনে ওই সংক্ষিপ্ত অধিবেশন সূচি দিনটিকে নিয়মিত নির্দেশনার দিন হিশেবে চিহ্নিত করতে পারে। ৭ এবং তদূর্ধ গ্রেডের জন্য নিচের সেকশন ১৬ দেখুন।

16. ৭ম এবং ওপরের গ্রেডের জন্য যেসব সপ্তাহে সংক্ষিপ্ত অধিবেমনের স্কুল অনুরোধ করা হয়েছে স্কুলকে এরপর ন্যূনতম ২৭.৫ ঘন্টার সাপ্তাহিক সময় নির্দেশনা দিতে হবে, লাঞ্চ এবং নির্ধারিত শিক্ষার্থীদের জন্য ৩৭.৫ মিনিটের বাড়তি অধিবেশন ব্যতীত। যখন ৪ দিনের সপ্তাহে (যেমন যখন সপ্তাহে হলিডে থাক) স্কুলকে এরপরও ওই সপ্তাহে কমপক্ষে 22 ঘন্টা নির্দেশনা দিতে হবে, লাঞ্চ এবং নির্ধারিত শিক্ষার্থীদের ৩৭.৫ মিনিটের বাড়তি সেসন ব্যতীত। যখন ৪ দিনের সপ্তাহে (যেমন যখন সপ্তাহে হলিডে থাক) স্কুলে সংক্ষিপ্ত সেসন সূচিভুক্ত হয়, ওই সপ্তাহে তখনও লাঞ্চ এবং নির্ধারিত শিক্ষার্থীদের ৩৭.৫ মিনিটের বাড়তি সেসন ব্যতীত কমপক্ষে ২২ ঘন্টা নির্দেশনা দিতে হবে।

17. **ডিস্ট্রিক্ট ৭৫ বহির্ভূত কিনডারগার্টেনের জন্য,** অনুদানযোগ্য দিন ১৮৫ (১৮৩ নির্দেশনা দিন)।

18. **ডিস্ট্রিক্ট ৭৫ কিন্ডারগার্টেন থেকে ৬ গ্রেড এবং সব ১ থেকে ৬ গ্রেডের জন্য**, অনুদানযোগ্য দিন ১৮৭ (১৮৩ নির্দেশনা দিন)।

19. **সিটিওয়াইড ৭ ও ৮ গ্রেড এবং মিডল স্কুল ৯ গ্রেডের জন্য (ডিস্ট্রিক্ট ৭৫সহ)**, অনুদানযোগ্য দিন ১৮৫ (১৮৩ নির্দেশনা দিন)।

20. **হাই স্কুল পর্যায়ে ৯ থেকে ১২ গ্রেডের জন্য**, সব বরোতে অনুদানযোগ্য দিন ১৮৫, যার মধ্যে ১৬৮ নির্দেশনা দিন (ডিস্ট্রিক্ট ৭৫ এ অনুদানযোগ্য দিন ১৮৫, ১৮৩ নির্দেশনা দিন)।

21. কর্মী উন্নয়ন কর্মকাণ্ড অবশ্যই বাধ্যতামূলক বা উচ্চ অগ্রাধিকারের প্রয়োজন পূরণ করবে, যার অন্তর্গত সাধারণ, বিশেষ এভং দ্বিভাষিক শিক্ষা প্রাসঙ্গিক শিশুরাই প্রথম উদ্যোগের আওতায় সাক্ষরতা এবং গণিতে নতুন সামগ্রিক, ব্যবস্থাব্যাপী নির্দেশনা পদ্ধতি, স্কুলে সহিংসাতা রোধ ও হস্তক্ষেপ, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য কন্টিনাম বাস্তবায়ন, কর্মসম্পাদনার মান, বিজ্ঞান শিক্ষা, মূল্যায়ন ইত্যাদি। উচ্চ শিক্ষণ মান এবং মূল্যায়ণ বাস্তবায়নের প্রতি যথাযথ অভিনিবেশ থাকতে হবে যা সেকশন ১ এ বলা হয়েছে।

22. মঙ্গলবার ৪ নভেম্বর ২০১৪ (ইলেকশন ডে) এবং বৃহস্পতিবার ৪ জুন ২০১৫ (অ্যানিভার্সারি ডে) উচ্চ শিক্ষণ মান ও মূল্যায়ন বাস্তবায়নের জন্য চ্যান্সেলরের কনফারেন্স ডে পাঁচ বরোর সবকটিতেই অনুষ্ঠিত হবে। পাঁচ বরোর শিক্ষার্থীরা স্কুলে আসবে না। Students in all five boroughs will not be in attendance on either day. (শিক্ষা আইনের ২৫৮৬ অনুচ্ছেদের আওতায় অ্যানিভার্সারি ডে জুনের প্রথম বৃহস্পতিবার অথবা জুনের দ্বিতীয় বৃহস্পতিবার যখন প্রথম বৃহস্পতিবার মেমোরিয়াল ডে সপ্তাহে পড়ে)।

23. প্রি-কিনডারগার্টেন শিক্ষার্থীদের (সময়বিভক্ত প্রবেশ) আংশিক স্কুলে সময়ের ক্ষেত্রে বৃহস্পবার ৪ সেপ্টেম্বর এবং শুক্রবার ৫ সেপ্টেম্বর ২০১৩ সব প্রি-কিনডারগার্টেন শিক্ষার্থীদের পিতামাতাদের ওরিয়েন্টেশন সেসন আয়োজন করার সুপারিশ করা হয়। এই অধিবেশন উত্তরণ প্রক্রিয়ায় পিতামাতাদেরকে সহায়তা করবে। পিতামাতা ও তত্বাবধানকারীদের অবহিত করতে হবে যাতে তারা কর্মসূচি, সন্তানকে নেওয়া ও দেওয়ার ব্যাপারে ব্যবস্থা নিতে পারেন। সময়বিভক্ত প্রবেশ, ওরিয়েন্টেশন অথবা ফেজ-ইন প্ল্যানিংয়ের বাপারে সহায়তার জন্য, অনুগ্রহ করে ফোনে Office of Early Childhood Education-এর সাথে 212.374.0351 নম্বরে কিংবা ইমেইলেearlychildhood@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন। আরও তথ্য মিলবে http://schools.nyc.gov/Academics/EarlyChildhood/default.htm আর্লি চাইল্ডহুড ওয়েবসাইটে।

24. প্রি-কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের জন্য উপস্থিত না হওয়ার দিনগুলো চ্যান্সেলরের বাধ্যবাধকতা (দ্রষ্টব্য ওপরের সেকশন ২১) পূরণে পেশগত উন্নয়নের লক্ষ্যে পরিকল্পিত হয়েছে। শিক্ষার্থীরা স্কুলে আসবে না। উপস্থিত না হওয়ার দিনগুলোয় অফিস অভ আর্লি চাইল্ডহুড শিক্ষকদের পেশগত উন্নয়নের ব্যবস্থা করে। অধিবেশনগুলো সাম্প্রতিক গবেষণা, কার্যসম্পাদনার মান এবং শিক্ষার্থীর শিখন বৃদ্ধির জন্য সেরা অনুশীলনের ভিত্তিতে প্রণীত হয়।

25. স্কুল ক্যালেন্ডার প্রণয়নে সুপারিনটেনডেন্ট, পিতামাতা প্রতিনিধি, ধর্মীয় সংগঠন, বেসরকারি স্কুল কমিটি এবং যথাযথ সম্মিলিত দরকষাকষি প্রতিনিধির পরামর্শ গ্রহণ করা হয়েছে।